

# আমাদেরকে বলুন নীতি

প্রথম সংস্করণ, জানুয়ারি 2024

## Primark-এর অঙ্গীকার

Primark-এ আমরা সঠিক উপায়ে ব্যবসা করার ব্যাপার সচেষ্টি থাকি। আমরা সর্বদা নিষ্ঠার সাথে কাজ করতে অঙ্গীকারবদ্ধ। আমরা গর্বের সাথে মুক্তমনা, সততা ও অন্তর্ভুক্তির সংস্কৃতিকে উৎসাহ দেই ও রক্ষা করার চেষ্টা করি যা জবাবদিহিতার অনুশীলনকে প্রাধান্য দেয়।

আমরা আমাদের সাপ্লাই চেইনে কর্মীদের জন্য নিরাপদ ও উপযুক্ত কর্মক্ষেত্র নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। আমরা জানি যে এইসব কর্মী, সরবরাহকারী এবং যারা Primark পণ্য তৈরির স্থানের পাশে থাকেন তারা অনুপযুক্ত, অসাধু, অবৈধ বা বিপজ্জনক আচরণ দেখলে সে সম্পর্কে কথা বলতে এবং আমাদেরকে নির্দিষ্ট বলাতে পারলে তবেই আমরা শক্তিশালী প্রতিষ্ঠান হিসাবে পরিগণিত হব। আমরা আমাদের সরবরাহ প্রবাহ ও সংশ্লিষ্ট জনসাধারণের সমস্ত স্তরে কার্যকর এবং সৎ মত বিনিময়ে উৎসাহিত করি। আমাদেরকে বলুন নীতিটি UN গাইডিং প্রিন্সিপলস অন বিজনেস অ্যান্ড হিউম্যান রাইটস (UNGPs) এবং আমাদের জানামতে এতদসংক্রান্ত বিকাশমান শাসনিক শর্তাবলী মেনে চলে।

## আপনি “আমাদেরকে বলুন” এ কেন জানাবেন?

আপনি যদি আমাদের সরবরাহ প্রবাহের কর্মী বা সরবরাহকারী হন বা Primark পণ্য তৈরি হয় এমন স্থানে থাকেন আর আপনি এমন কিছু জানতে পারেন যা আপনার কাছে অনুপযুক্ত, অসৎ, অবৈধ বা বিপজ্জনক বলে মনে হয়, তাহলে আমরা চাই আপনি আমাদের আপনার উদ্বেগের কথা জানান। Primark এর “আমাদেরকে বলুন” নামে একটি গোপনীয় এবং বেনামী (যদি না আমাদের আইনগত কারণে প্রকাশ করতে হয়) ব্যবস্থা আছে, যার মাধ্যমে আপনি আমাদেরকে জানাতে পারবেন। এটি আমাদের “আমাদেরকে বলুন” পলিসির অধীন। এসব কথা জানালে সমস্যার সমাধানে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

অনুগ্রহ করে খেয়াল করুন যে, “আমাদেরকে বলুন” আপনার কর্মক্ষেত্রের সাধারণ নীতি এবং পদ্ধতি যেমন, অভিযোগ এবং শাস্তিমূলক ব্যবস্থা অথবা আপনি ইতিমধ্যে আবগত আছেন এমন কোনও ট্রেড ইউনিয়ন বা ওয়ার্কার কমিটির প্রক্রিয়াকে প্রতিস্থাপন করে না।

## কারা “আমাদেরকে বলুন” – এ আমাদের বলতে পারবেন?

আমরা Primark পণ্য তৈরি হয় এমন স্থানে থাকা Primark সরবরাহ প্রবাহের সমস্ত কর্মী এবং সরবরাহকারীকে কথা বলতে এবং “আমাদেরকে বলুন” – এ জানাতে উৎসাহিত করি। “আমাদেরকে বলুন” – এ যে কোনো ধরনের কর্মী যেমন ফুল-টাইম, পার্ট-টাইম বা ফিক্সড-টার্ম, নৈমিত্তিক বা এজেন্সির কর্মী, গৃহকর্মী, সেকেন্ডারী, প্রশিক্ষণার্থী বা স্বেচ্ছাসেবক তার কথা জানাতে পারেন।

যেসব দেশে আমাদের দোকান রয়েছে এবং Primark শেয়ারহোল্ডার, এজেন্ট, ঠিকাদার, বহিরাগত পরামর্শদাতা, তৃতীয় পক্ষের প্রতিনিধি, ব্যবসায়িক অংশীদার এবং স্পনসর রয়েছে, সেখানে Primark-এর

জন্য সরাসরি কাজ করা সহকর্মীদের Primark-এর Primark's Speak প্রক্রিয়া ব্যবহার করতে উৎসাহ দেওয়া হয়। আরো জানতে চাইলে এই লিংকে দেখুন: <https://corporate.primark.com/en-gb/primark-cares/resources/social>.

### “আমাদেরকে বলুন” – এ কেমন বিষয়ে আমাদেরকে বলবেন?

আপনি যদি বিশ্বাস করেন যে অনুপযুক্ত, অসৎ, বেআইনি বা বিপজ্জনক আচরণ ঘটছে, তাহলে আমরা আপনাকে সমর্থন করব এই আত্মবিশ্বাস নিয়ে আপনার উদ্বেগ প্রকাশ করতে পারেন। নিচের যে কোনোটিই আপনার রিপোর্ট করা উচিত:

- Primark-এর [সরবরাহকারীর আচরণবিধি](#) ভঙ্গের মধ্যে রয়েছে:
  - বলপূর্বক বা বাধ্যতামূলক শ্রম বা আধুনিক দাসত্বের অন্য কোনও ধরণ;
  - আইনত প্রাপ্য মজুরি ও সুবিধা না দেওয়া;
  - ট্রেড ইউনিয়নে যোগদান বা যৌথ দরকষাকষিতে বাধা দান;
  - অনিরাপদ বা অস্বাস্থ্যকর কাজের পরিবেশ;
  - আইনানুমোদিত সর্বোচ্চসীমার বেশি কাজ করানো;
  - বৈষম্য, শাসানি বা হয়রানি;
  - লাঞ্ছনামূলক বা জ্বরদস্তিমূলক আচরণ;
  - পরিবেশগত ক্ষতি এবং
  - ঘুষ ও দুর্নীতি।
- [মানবাধিকার ও নৈতিক সমস্যা](#) এবং [পরিবেশ](#) সম্পর্কিত অন্য কোনও Primark নীতি লঙ্ঘন;
- গোপনীয় তথ্য অননুমোদিতভাবে প্রকাশ বা অন্যান্য তথ্য লঙ্ঘন;
- Primark অর্ডারের অননুমোদিত উপঠিকাদারি (subcontracting);
- প্রতারণামূলক আর্থিক কার্যকলাপ এবং
- ইচ্ছাকৃতভাবে উপরের কোনটি গোপন করা।

উপরের তালিকায় অন্তর্ভুক্ত নয় এমন যে কোনও কিছু বিকল্প 4 (নিম্নবর্ণিত) ব্যবহার করে “আমাদেরকে বলুন” এর মাধ্যমে রিপোর্ট করা যেতে পারে।

যদি আপনি অনিশ্চিত হন যে কোনো কিছু “আমাদেরকে বলুন” নীতির মধ্যে পড়ে কিনা অথবা যদি আনুষ্ঠানিক রিপোর্ট করার আগে ব্যক্তিগতভাবে কারও সাথে কথা বলতে চান, তাহলে আপনি আপনার লাইন ম্যানেজার বা সুপারভাইজারের সাথে, অথবা সুযোগ থাকলে, আপনার জায়গায় বা কর্মস্থলে আপনার ট্রেড ইউনিয়ন বা ওয়ার্কার কমিটির প্রতিনিধির সাথে কথা বলতে পারেন।

### কীভাবে টেল আসে সমস্যার কথা জানাবেন?

উদ্বেগের বিষয় উত্থাপন করতে অনুগ্রহ করে নিচের বিকল্পগুলি দেখুন। আপনি বা অন্য কেউ যদি তাৎক্ষণিক বিপদে পড়ে তবে অনুগ্রহ করে আপনার স্থানীয় জরুরি পরিষেবাগুলিতে যোগাযোগ করুন।

### বিকল্প 1: আপনার লাইন ম্যানেজার/সুপারভাইজারকে বলুন

আমরা আপনাকে মৌখিকভাবে অথবা লিখিতভাবে আপনার লাইন ম্যানেজার অথবা সুপারভাইজারের কাছে আপনার উদ্বেগ উত্থাপন করার পরামর্শ দেই। আপনি যদি আপনার দেখা আচরণের কারণে লাইন ম্যানেজার বা সুপারভাইজারের সাথে যোগাযোগ করার বিষয়ে উদ্বিগ্ন হন, তাহলে আমরা আপনাকে নিচের যে কোনো একটি বিকল্প ব্যবহার করতে উৎসাহিত করছি।

**বিকল্প 2: সুযোগ থাকলে, আপনার স্থানীয় ট্রেড ইউনিয়ন বা ওয়ার্কার কমিটির প্রতিনিধির সাথে যোগাযোগ করুন**


যদি আপনি মনে করেন যে আপনার লাইন ম্যানেজার বা সুপারভাইজারের কাছে বিষয়টি উত্থাপন করতে পারবেন না বা আপনার লাইন ম্যানেজার বা সুপারভাইজার যদি আপনার উদ্বেগের সমাধান না করেন, তাহলে সুযোগ থাকলে, আপনি বিষয়টি আপনার স্থানীয় ট্রেড ইউনিয়ন বা ওয়ার্কার কমিটির প্রতিনিধির নজরে আনতে পারেন।

**বিকল্প 3: আপনার স্থানীয় কর্মী হেল্পলাইন থাকলে সেখানে যোগাযোগ করুন (পরিশিষ্ট 1 দেখুন)**

যদি আপনি মনে করেন যে আপনার লাইন ম্যানেজার বা সুপারভাইজারের কাছে বিষয়টি উত্থাপন করতে পারবেন না অথবা তা করে থাকলেও আপনার উদ্বেগের সমাধান করা হয়নি, তাহলে সুযোগ থাকলে, আপনি বিষয়টি নীচে পরিশিষ্ট 1-এ দেওয়া আপনার স্থানীয় ওয়ার্কার হেল্পলাইনের নজরে আনতে পারেন।

**বিকল্প 4: আমাদেরকে বলুন: (বিশদ বিবরণ নিচে এবং Primark পণ্য তৈরির কারখানার নোটিশবোর্ডে পাবেন)**

যদি বিকল্প 1, 2 এবং 3 ব্যবহারের সুযোগ না থাকে বা আপনার উদ্বেগ যদি অন্যান্য বিকল্পগুলির মাধ্যমে সমাধান না করা হয় তবে অনুগ্রহ করে নীচের বর্ণিত “আমাদেরকে বলুন” ফোন লাইন, ওয়েব পরিষেবা বা স্মার্টফোন অ্যাপ ব্যবহার করুন।

টেলিফোন	ওয়েব ঠিকানা	প্রবেশাধিকার কোড	QR কোড
বাংলাদেশ: 008809610998462	<a href="https://primark.speakup.report/tellus">https://primark.speakup.report/tellus</a>	106502	

আপনি যদি “আমাদেরকে বলুন” ফোন লাইনে ফোন করেন, তাহলে আপনি একটি রেকর্ড করা বার্তা শুনতে পাবেন (সাধারণত আপনার স্থানীয় ভাষায়) যা আপনাকে Primark এর জন্য অনন্য অ্যাক্সেস কোড (106502) দিতে বলবে। তারপরে আপনার উদ্বেগের বিবরণ দিয়ে একটি ভয়েস বার্তা রেকর্ড করতে পারবেন।

আপনি “আমাদেরকে বলুন” ওয়েবসার্ভিস ব্যবহার করলে আপনাকে Primark-এর অ্যাক্সেস কোড, 106502 দিতে হবে এবং তারপরে আপনার উদ্বেগের বিবরণ দিয়ে একটি বার্তা লেখার সুযোগ দেওয়া হবে। ওয়েবসার্ভিসের নির্দেশনাগুলি আপনার স্থানীয় ভাষাতেই পাবেন।

আপনি “আমাদেরকে বলুন” স্মার্টফোন অ্যাপ ব্যবহার করলে QR কোড স্ক্যান করে বিনামূল্যে অ্যাপটি ডাউনলোড করতে পারবেন। তারপর আপনাকে Primark-এর অ্যাক্সেস কোড, 106502 দিতে হবে এবং এরপরে আপনার উদ্বেগের বিবরণ দিয়ে একটি বার্তা লেখার সুযোগ দেওয়া হবে। অ্যাপের নির্দেশনাগুলি আপনার স্থানীয় ভাষাতেই পাবেন।

এছাড়াও আপনি ফোন নম্বর, ওয়েব ঠিকানা, অ্যাক্সেস কোড এবং “আমাদেরকে বলুন” এর জন্য QR কোডের বিশদ বিবরণ Primark পণ্য তৈরির কারখানায় প্রদর্শিত পোস্টারেও পাবেন। আপনি যেন সহজেই “আমাদেরকে বলুন” প্রক্রিয়াগুলি হাতের কাছে পান এবং সেগুলি ব্যবহারে স্বাচ্ছন্দ্য বোধ করতে পারেন তার খেয়াল রাখার বিষয়ে আমরা সজাগ। আমাদের সরবরাহকারীদের কারখানার নিয়মিত সামাজিক অডিট প্রোগ্রামের অংশ হিসাবে পোস্টার এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যোপকরণ আপনি ব্যবহার করতে পারছেন কিনা ও পাশাপাশি এই প্রক্রিয়াটি আপনি কতটা উপলব্ধি করতে পারছেন তা দেখাও আমাদের কাজ।

Primark-এর কাছে উত্থাপিত উদ্বেগের রেকর্ড প্রযোজ্য আইনানুসারে সংরক্ষণ করা হবে। “আমাদেরকে বলুন” ফোনলাইনের ক্ষেত্রে, আপনার ভয়েস বার্তার একটি কপি বা অডিও রেকর্ডিং করা হয়।

আপনার রিপোর্ট “আমাদেরকে বলুন” এর পদ্ধতি অনুযায়ী দেখা হবে, যা নিচে উল্লিখিত হয়েছে।

### আমাদেরকে বলুন সিস্টেম ব্যবহার করে Primark-এর সাথে যোগাযোগ করলে তারপর কী হবে?

আপনি একটি অনন্য কেস নম্বর পাবেন। আপনি যদি “আমাদেরকে বলুন” ফোনলাইন, ওয়েবসার্ভিস বা স্মার্টফোন অ্যাপে গিয়ে এই অনন্য নম্বরটি ব্যবহার করেন, তাহলে আপনার করা রিপোর্টের স্বীকৃতি (7 দিন পরে), আরও তথ্যের কোনো অনুরোধ এবং আপনার উদ্বেগ কোন অবস্থায় আছে তা নিয়ে যে কোনো আপডেট শুনতে/পড়তে পারবেন।

আমরা সাত দিনের মধ্যে আপনার রিপোর্ট স্বীকার (acknowledge) করার লক্ষ্য রাখি। তারপরে আমরা প্রাথমিক মূল্যায়ন করব, এবং এই মূল্যায়নের অংশ হিসাবে, আপনাকে আপনার উদ্বেগ সম্পর্কে অতিরিক্ত তথ্য সরবরাহ করতে বলা হতে পারে, যা পাওয়া গেছে তার উপর নির্ভর করে কী পদক্ষেপ নেওয়া হবে এবং সম্ভাব্য কতদিন লাগতে পারে তার সময়সীমা নির্ধারণ করা হবে।

যে কোনও অনুসন্ধানের ফলাফল এবং পরিকল্পিত বা গৃহীত পদক্ষেপ এবং এই ধরনের ক্রিয়াকলাপের কারণ (গোপনীয়তার প্রয়োজনীয়তা সাপেক্ষে) আপনাকে জানানো হবে। আমরা নিশ্চিত করি যে “আমাদেরকে বলুন” – এর অভিযোগ তদন্ত প্রক্রিয়ায় নিয়োজিত ব্যক্তির স্বাধীন এবং নিরপেক্ষ।

আপনি যে কোনো সময় প্রাপ্ত উত্তরে অসন্তুষ্ট হলে, মনে রাখবেন যে উপরোক্ত টেল আস নীতির বিষয়ে যোগাযোগের অন্য যে কোনো বিকল্প ব্যবহার করতে পারেন। আমরা এই ধরনের যে কোনো সমস্যা সুস্থ ও সঠিকভাবে পরিচালনা করার বিষয়টি নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ।

“আমাদেরকে বলুন” পদ্ধতি ব্যবহার করে Primark-এর সাথে যোগাযোগ করলে আমরা কীভাবে আপনাকে রক্ষা করব?

### প্রতিহিংসা থেকে

উদ্বেগ অভিযোগ উত্থাপনকারী কারও বিরুদ্ধে কোনরূপ প্রতিহিংসা আমরা বরদাস্ত করব না: উদ্বেগ উত্থাপনকারী যে কোনও ব্যক্তিকে বিরূপ প্রতিব্যবস্থা, প্রতিশোধ বা ক্ষতি থেকে রক্ষা করা উচিত। উদ্বেগ উত্থাপনের ফলে যদি আপনি মনে করেন যে আপনার বা আপনার কাজের কোনও ক্ষতি হয়েছে, তবে তা অবিলম্বে “আমাদেরকে বলুন” – এর ফোন লাইন, ওয়েবসার্ভিস বা স্মার্টফোন অ্যাপ ব্যবহার করে রিপোর্ট করা উচিত।

### আপনার পরিচয় এবং গোপনীয়তা

আমরা আশা করি আপনি আমাদের সাথে সবকিছু খোলাখুলি বলতে পারবেন। আপনি চাইলে সম্পূর্ণ বেনামী থাকতে পারেন এবং আমাদের ফোন লাইন, ওয়েব পরিষেবা বা স্মার্টফোন অ্যাপ ব্যবহার করার ক্ষেত্রে বেনামী থাকা সম্ভব। অনুগ্রহ করে এমন কোনও তথ্য জানান যা আপনি মনে করেন যে আপনার সমস্যা সমাধান করতে আমাদের সহায়তা করবে। আপনি কোনো কিছু জানাতে ভুলে গিয়ে চিন্তা করবেন না, আপনার কাছে আবার আমাদের সাথে যোগাযোগ করার সুযোগ রয়েছে অথবা আপনি অনুরোধ করতে পারেন যে আমরা আপনার সমস্যা নিয়ে আলোচনা করার জন্য সরাসরি আপনার সাথে যোগাযোগ করি।

আপনি যদি আপনার পরিচয় প্রকাশ করেন তবে আমরা আপনার পরিচয় গোপনীয় এবং লুকিয়ে রাখতে সমস্ত যুক্তিসঙ্গত পদক্ষেপ গ্রহণ করব। আমরা আপনার নাম শুধু তাদের জানাব যাদের অভিযোগের তদন্ত করার জন্য বা অন্যথায় আইনানুসারে তা জানা দরকার। এই “আমাদেরকে বলুন” নীতির আওতায় উত্থাপিত কোনও উদ্বেগের অংশ হিসাবে আপনাকে বা অন্য কোনও ব্যক্তিকে শনাক্ত করে, এমন ব্যক্তিগত তথ্য শুধু এই “আমাদেরকে বলুন” নীতিতে বর্ণিত উদ্দেশ্য এবং পরিশিষ্ট 2-এর গোপনীয়তার বিজ্ঞপ্তি অনুসারে ব্যবহার করা হবে।

আপনি বেনামী থাকতে চান বা না চান আমরা কখনই আমাদের সরবরাহ প্রবাহের কর্মীদের সম্পর্কে এহেন অভিযোগের বিষয়ে প্রকাশিত রিপোর্টে এমন কোনো তথ্য অন্তর্ভুক্ত করি না যে তথ্য দিয়ে তাদেরকে শনাক্ত করা সম্ভব।

### অন্যান্য

আইনে অন্য কিছু বলা না হলে, এই “আমাদেরকে বলুন” নীতি কোনও কর্মীর চাকরীর চুক্তির অংশ নয় এবং Primark-এর সাথে এই জাতীয় কোনও চুক্তির ভিত্তি রচনা করে না; আমরা যে কোনও সময় এই “আমাদেরকে বলুন” নীতি সংশোধন করতে পারি।

## পরিশিষ্ট 1

## স্থানীয় কর্মী হেল্পলাইন

নাম	দেশ	টেলিফোন এবং/অথবা ওয়েবসাইট
<p>আমাদের কথা (Amader Kotha)</p>  <p>আমাদের কথা AMADER KOTHA WORKER HELPLINE</p>	বাংলাদেশ	08006666666
<p>MUDEM শ্রমিক সহায়তা কেন্দ্র</p>  <p>ISCI DESTEK MERKEZI</p>	তুরস্ক	<a href="https://iscidestekmerkezi.org">https://iscidestekmerkezi.org</a>
<p>RMG সাস্টেনিবিলিটি কাউন্সিল (RMG Sustainability Council, RSC)</p>  <p>RSC RMG SUSTAINABILITY COUNCIL</p>	বাংলাদেশ	<p>নিরাপত্তার অভিযোগ: 08801769969000</p> <p>সাধারণ প্রশ্ন: 08801766695900 0880241081863-6</p>
<p>উঙ্গাল কুরাল (Ungal Kural)</p>  <p>UNGAL KURAL உங்கள் குரல்</p>	ভারত	1-800-8333-12

## পরিশিষ্ট ২

### আমাদেরকে বলুন : আপনার গোপনীয়তা

ইউরোপীয় তথ্য সুরক্ষা আইনের অনুসারে, Primark হল তথ্য নিয়ন্ত্রক যা আমাদের “আমাদেরকে বলুন” ফোনলাইন বা ওয়েব সার্ভিস বা স্মার্টফোন অ্যাপের মাধ্যমে জমা দেওয়া ব্যক্তিগত ডেটার জন্য দায়িত্বপ্রাপ্ত।

### আপনার ব্যক্তিগত তথ্য

আমরা “আমাদেরকে বলুন” পলিসির অধীনে জমা দেওয়া ব্যক্তিগত ডেটা শুধুমাত্র আমাদের “আমাদেরকে বলুন” নীতির আওতায় অনুপযুক্ত, অনুপযোগী, অসং, বেআইনি বা বিপজ্জনক আচরণের (“অনুপযুক্ত আচরণ”) অভিযোগের তদন্ত করার উদ্দেশ্যে এবং প্রযোজ্য আইন মেনে ব্যবহার করি। এই বিজ্ঞপ্তি আপনাকে অনুপযুক্ত আচরণের রিপোর্ট করার সময় আমরা যে তথ্য সংগ্রহ করি এবং কীভাবে সেই তথ্য Primark-এর মধ্যে ব্যবহার এবং অন্যদেরকে দেওয়া হয় সে সম্পর্কে আপনাকে অবগত করছে।

### আমরা কোন ধরণের ব্যক্তিগত ডেটা প্রক্রিয়া করি?

আপনি যদি “আমাদেরকে বলুন” ফোনলাইন বা ওয়েব সার্ভিস বা স্মার্টফোন অ্যাপের মাধ্যমে কোনও সমস্যা রিপোর্ট করেন তবে আমরা আপনার রিপোর্টে বা আপনার রিপোর্টে আপনি যাকে চিহ্নিত করেছেন তার সম্পর্কে আপনার রিপোর্টে অন্তর্ভুক্ত ব্যক্তিগত বিবরণ সংগ্রহ করি। আমাদের আপনার নামের দরকার নেই। আমরা আপনাকে স্বনামে বলতেই উৎসাহিত করি, কারণ বেনামে উত্থাপিত উদ্বেগ সাধারণত অনেকটাই কম কার্যকর হয় এবং আমাদের কাছে পর্যাপ্ত তথ্য না থাকলে সম্পূর্ণ তদন্ত সম্ভব নাও হতে পারে।

আপনি এমন ব্যক্তিগত তথ্য অন্তর্ভুক্ত করতে পারেন যা বিশেষ বিভাগে পড়ে, কখনও কখনও একে “সংবেদনশীল ব্যক্তিগত তথ্য” বলা হয়। এতে জাত বা জাতি সংক্রান্ত উৎস, ধর্মবিশ্বাস, শারীরিক বা মানসিক স্বাস্থ্য, ট্রেড ইউনিয়নের সদস্যপদ, যৌন অভিমুখ, যৌন জীবন সম্পর্কিত তথ্য, বায়োমেট্রিক তথ্য, জিনের তথ্য, ফৌজদারি রেকর্ড এবং ফৌজদারি অপরাধ বা মামলা সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত।

আপনি যদি কোন প্রতিবেদনের বিষয়বস্তু হন বা কোনও প্রতিবেদনে আপনার নাম উল্লেখ করা হয়, তবে আমরা আপনাকে অবিলম্বে জানানোর চেষ্টা করব, যদি না তা করা তদন্তকে পক্ষপাতদুষ্ট করতে পারে বা আইনত আমাদের তা করতে নিষেধ করা হয়।

### এই তথ্য আমরা কীভাবে ব্যবহার করব?

“আমাদেরকে বলুন” ফোন লাইনের মাধ্যমে জমা দেওয়া ভয়েস রিপোর্ট সংক্ষিপ্ত আকারে রেকর্ড করা হয় এবং তারপর মূল ভাষার পাশাপাশি ইংরেজি ভাষায় ট্রান্সক্রিপ্ট তৈরি করা হয়। “আমাদেরকে বলুন” ওয়েবসার্ভিস এবং স্মার্টফোন অ্যাপের মাধ্যমে প্রাপ্ত সমস্ত ট্রান্সক্রিপ্ট এবং অনলাইন রিপোর্ট, মূল দেশ নির্বিশেষে কেস ম্যানেজমেন্ট সিস্টেমে রাখা হয় এবং Primark-এ পাঠানো হয়।



আমরা রিপোর্ট পর্যালোচনার উদ্দেশ্যে এবং উপযুক্ত ক্ষেত্রে অভিযোগের তদন্তের উদ্দেশ্যে আমাদের কাছে জমা দেওয়া তথ্য ব্যবহার করি। আমাদের এই তথ্য ব্যবহার সাধারণত এই উদ্দেশ্যগুলির সাথে সম্পর্কিত আমাদের বৈধ স্বার্থেই প্রয়োজন হয় এবং আমরা জড়িত ব্যক্তিদের সুরক্ষার জন্য যথাযথ ব্যবস্থা রাখি।

যেখানে আপনার রিপোর্টে ফৌজদারি অপরাধ বা মামলা সম্পর্কিত ব্যক্তিগত তথ্য এবং/অথবা ব্যক্তিগত তথ্য বিশেষ বিভাগ অন্তর্ভুক্ত থাকে, সেখানে সাধারণত আমাদের বৈধ স্বার্থেই এই তথ্য ব্যবহার প্রয়োজন (উপরে বর্ণিত) এবং:

- ব্যক্তিগত তথ্যের বিশেষ বিভাগের ব্যবহারের ক্ষেত্রে, উল্লেখযোগ্য জনস্বার্থের জন্য প্রয়োজন এবং/অথবা আইনি দাবি প্রতিষ্ঠা বা রক্ষার জন্য প্রয়োজন এবং
- ফৌজদারি অপরাধ বা অভিযোগ সম্পর্কিত তথ্যের ক্ষেত্রে, বেআইনি কাজ শনাক্ত বা প্রতিরোধ করার জন্য প্রয়োজন।

### অন্যদেরকে আপনার তথ্য দেওয়া:

“আমাদেরকে বলুন” সিস্টেমের মাধ্যমে জমা দেওয়া যে কোনও রিপোর্ট যা নৈতিক বিষয়ের সাথে সম্পর্কিত, সেগুলি প্রাথমিকভাবে Primark এথিক্যাল ট্রেড টিমের কাছে যাবে এবং টেল আস নীতিনির্ধারিত পদ্ধতি অনুযায়ী পরিচালিত হবে।

অন্যান্য রিপোর্ট যথাযথ তদন্তে সহায়তা করার জন্য সাধারণত Primark-এর মধ্যে প্রাসঙ্গিক দলের কাছে পাঠানো হয়।

যে কোনও প্রবণতা বা উদ্বেগের বিষয়ের উপর সম্যক দৃষ্টি রাখার জন্য যেখানে আরও প্রশিক্ষণ বা অন্যান্য পদক্ষেপের প্রয়োজন হয়, সেখানে সমস্ত রিপোর্ট বেনামী করা হবে এবং Primark-এর ত্রৈমাসিক পর্যালোচনার জন্য Primark ডিরেক্টর অফ রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স দ্বারা সংক্ষিপ্ত রিপোর্ট তৈরি করে জমা করা হবে।

### আমরা কতদিন আপনার তথ্য রাখব?

ট্রান্সক্রিপ্ট তৈরি হয়ে গেলে প্রথমে ভয়েস রেকর্ডিং মুছে ফেলা হয়। টেল আস ওয়েবসার্ভিস এবং স্মার্টফোন অ্যাপের মাধ্যমে প্রাপ্ত ট্রান্সক্রিপ্ট ও রিপোর্ট তদন্তের সময়টুকুর জন্য “আমাদেরকে বলুন” সিস্টেমের মধ্যে রাখা হবে এবং কেস বন্ধ হওয়ার পর আরও তিন বছর রাখা হবে (যদি না প্রযোজ্য আইনে আরো দীর্ঘ সময় ধরে রাখার প্রয়োজন হয়)। তারপরে সমস্ত শনাক্তকারী তথ্য মুছে শুধুমাত্র রিপোর্টের প্রকার, স্থান এবং তদন্তের ফলাফলের পরিসংখ্যানের রেকর্ড অভ্যন্তরীণ রিপোর্টের উদ্দেশ্যে রাখা হয়।

### আপনার তথ্য কোথায় রাখা এবং পাঠানো হয়?

“আমাদেরকে বলুন” ফোন লাইন, ওয়েব সার্ভিস এবং স্মার্টফোন অ্যাপের মাধ্যমে জমা দেওয়া রিপোর্ট ইউরোপের নেদারল্যান্ডসে আমাদের সরবরাহকারীর সার্ভারে রাখা হবে। UK এবং আয়ারল্যান্ডে Primark-এর পক্ষ থেকে আপনার তথ্য ব্যবহার করা হবে এবং তারপর সবচেয়ে উপযুক্ত দলের কাছে তদন্তের জন্য



দেওয়া হবে। তার মানে আপনার ডেটা UK, আয়ারল্যান্ড ও নেদারল্যান্ডসে এবং সংশ্লিষ্ট তদন্ত দলের কাছে পাঠানো হবে, তাই তারা যেখানেই থাকুক।

### আপনার অধিকার

আপনি ব্যক্তিগত তথ্যের একটি কপি দেওয়ার জন্য যে কোনো সময় আমাদের বলতে পারেন। আপনি যদি মনে করেন যে আপনার সম্পর্কে আমাদের কাছে থাকা ব্যক্তিগত তথ্য ভুল বা অসম্পূর্ণ, তাহলে আপনি আমাদের এটি সংশোধন বা সম্পূর্ণ করতে বলতে পারেন। কিছু পরিস্থিতিতে আমাদের আপনার তথ্য ব্যবহারে আপত্তি করার অধিকার এবং আমাদের আপনার তথ্য ব্যবহার সীমাবদ্ধ করতে বা মুছে ফেলার জন্য আমাদের বলার অধিকার আপনার রয়েছে। তবে এই অধিকারগুলির কিছু ক্ষেত্রে ব্যতিক্রম রয়েছে। উদাহরণস্বরূপ, আপনার তথ্য মুছে ফেলা আমাদের পক্ষে সম্ভব হবে না যদি আমাদের তা রাখা আইনত প্রয়োজন হয় বা যদি আমাদের আইনি দাবি প্রতিষ্ঠা বা রক্ষা করার জন্য তা ব্যবহার করার প্রয়োজন হয়।

আপনি যদি আপনার ব্যক্তিগত তথ্য প্রবেশাধিকার পেতে চান বা আপনার কোনো অধিকার প্রয়োগ করতে চান, তাহলে আপনাকে প্রথমেই [dataprotection@primark.ie](mailto:dataprotection@primark.ie)-এ Primark ডেটা সুরক্ষা দলের সাথে যোগাযোগ করতে হবে। আমরা যেভাবে আপনার তথ্য পরিচালনা করি সে সম্পর্কে আপনার উদ্বেগ থাকলে আপনার স্থানীয় তথ্য সুরক্ষা তদারকি কর্তৃপক্ষের কাছে অভিযোগ করার অধিকার রয়েছে।